



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



## বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধন নবায়ন সনদ

স্মারক নং- ঢাশিবো/বি/৬৯(ক)/ইংলিশ/১০১৫

তারিখ: ১২/০৭/২০২২

প্রত্যয়ন করা যাচ্ছে, **Canadian International School Bangladesh**, প্লট# ১১০, রোড# ২৭, ব্লক# এ, বনানী, ঢাকা-১২১৩ কে Registration of Private Schools Ordinance, 1962 (Ordinance No. XX of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিদেশি কারিকুলাম এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০১৭ (এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১৭)-এর ধারা ৬ এর বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়ের ০১/০১/২০২৩ হতে ৩১/১২/২০২৫ পর্যন্ত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ('O' Level ও 'A' Level) পর্যায়ে নিবন্ধন নবায়ন করা হলো। বিধিমালায় উল্লিখিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করতে হবে।

### শর্তসমূহ

- ১। নিবন্ধন নবায়নের মেয়াদ শেষ হবার ০৩ (তিন) মাস পূর্বে পরবর্তী নিবন্ধন নবায়নের জন্য আবেদন করতে হবে।
- ২। বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিধিমালায় ১২ উপবিধি অনুসরণ করতে হবে।
- ৩। বিধিমালায় ৬(৪) উপবিধি মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।
- ৪। বিধিমালায় ২০(৩) উপবিধি অনুযায়ী অডিট টিম কর্তৃক বার্ষিক অডিট করাতে হবে।
- ৫। বিধিমালায় ১৯ উপবিধি অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে।
- ৬। উক্ত বিধিমালায় ১৪ উপবিধি মোতাবেক বিদ্যালয়ের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উক্ত ধারার ৪ উপবিধি মোতাবেক নিবন্ধনের ৫ (পাঁচ) বছরের মধ্যে নিজস্ব ভবনে বিদ্যালয় স্থানান্তর করতে হবে।
- ৭। উল্লিখিত বিধিমালায় ১০-এর ২ ও ৫ উপবিধি মোতাবেক বিদ্যালয়ের সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিলে নির্ধারিত টাকা জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের টাকা স্থায়ী আমানত/সঞ্চয়পত্র হিসাবে জমা করতে হবে। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সংরক্ষিত তহবিলের টাকা ভাঙ্গানো বা উত্তোলন করা যাবে না।
- ৮। প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে।
- ৯। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ও প্রকাশিত 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' পাঠ্যপুস্তকটি অবশ্যই প্রতিশ্রেণিতে পাঠদান করাতে হবে।
- ১০। বোর্ড প্রয়োজনে ২০১৭ সালের ৫ই জুন তারিখে জারিকৃত বিধিমালায় ২৩ উপবিধি অথবা ৬ উপবিধি-এর অধীন রেজিস্ট্রেশন সার্টিফিকেট স্থগিত করতে পারবে।
- ১১। বোর্ড/মন্ত্রণালয়ের অনুমতি ব্যতীত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না।
- ১২। শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার জন্য স্থানীয় সরকার কর্তৃপক্ষের অনাপত্তি থাকতে হবে।
- ১৩। সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশাবলি/জাতীয় দিবসসমূহ পালন করতে হবে।
- ১৪। প্রতিষ্ঠালগ্ন থেকে হালনাগাদ পর্যন্ত অডিট কার্যক্রম নিষ্পত্তি করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১৫। বিদ্যালয়ের একটি দৃশ্যমান স্থানে মুজিব কর্ণার স্থাপন করতে হবে।
- ১৬। পত্র ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে EIIN নম্বর ও পাসওয়ার্ড প্রাপ্তির জন্য আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ

Canadian International School Bangladesh  
প্লট# ১১০, রোড# ২৭, ব্লক# এ  
বনানী, ঢাকা-১২১৩।

মেমো নং- ১০১৫ (৭)

তারিখ: ১২/০৭/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। পরিচালক/প্রতিষ্ঠাতা, Canadian International School Bangladesh, প্লট# ১১০, রোড# ২৭, ব্লক# এ, বনানী, ঢাকা-১২১৩।
- ৫। পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

  
১২/০৭/২০২২